

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা

আগামী ১২/১২/২০১৯ তারিখে ডিজিটাল বাংলাদেশ দিবস উপলক্ষে আলোচনা আইসিটি বিভাগ কর্তৃক আয়োজিত
অনুষ্ঠানমালায় অংশগ্রহণ বিষয়ে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি : শেখ মুজিবুর রহমান, অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা)
স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

তারিখ : ০৪.১২.২০১৯ খ্রিস্টাব্দ

সময় : সকাল ১০: ৩০ টা

স্থান : অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা) মহোদয়ের অফিস কক্ষ

উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট 'ক'-তে সংযোজিত

আলোচনাঃ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভার আলোচ্যসূচি অনুযায়ী বিষয়বস্তু উপস্থাপনের জন্য সিনিয়র সহকারী সচিব(প্রশাসন-১) জনাব মোঃ শাহাদত হোসেন কবিরকে অনুরোধ করেন। অতঃপর সিনিয়র সহকারী সচিব(প্রশাসন-১) আগামী ১২ ডিসেম্বর ২০১৯ তারিখে ডিজিটাল বাংলাদেশ দিবস পালন বিষয়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সিনিয়র সচিব মহোদয়ের উপানুষ্ঠানিক পত্রটি পড়ে শোনান। তিনি জানান, দিবসটি পালনের অংশ হিসেবে ঐদিন সকাল ৯.০০ টায় জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্রাঙ্গণ থেকে একটি র্যালি বের হবে। উক্ত র্যালিতে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের উল্লেখযোগ্য সাফল্য ও অর্জন সমূহ প্রদর্শনের জন্য ব্যানার, প্ল্যাকার্ড ও পোস্টারসহ অংশগ্রহণের জন্য উপানুষ্ঠানিক পত্রে অনুরোধ করা হয়েছে।

সভাপতি বলেন, স্বাস্থ্য সেবা বিভাগ ও এর অধীনস্থ দপ্তর সমূহকে উক্ত র্যালিতে সক্রিয়ভাবে অংশগ্রহণ করতে হবে। অতঃপর এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং বেশ কিছু সিদ্ধান্ত গৃহীত হয়।

বিস্তারিত আলোচনান্তে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

১. স্বাস্থ্যখাতে সরকারের সাফল্য তুলে ধরার লক্ষ্যে ডিজিটাল বাংলাদেশ দিবসের র্যালিতে অংশগ্রহণের জন্য অধীনস্থ দপ্তর/অধিদপ্তর/সংস্থাকে পত্র দিতে হবে।

বাস্তবায়নঃ যুগ্মসচিব (প্রশাসন-১), স্বাস্থ্য সেবা বিভাগ।

২. উপযুক্ত ইউনিফর্মসহ ৫০ জন নার্স ও ৫০ জন মিডওয়াইফকে র্যালিতে অংশগ্রহণ করার নির্দেশনা দিতে হবে।

বাস্তবায়নঃ মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর।

৩. র্যালিতে অংশগ্রহণকে বর্ণিল ও দৃশ্যমান করার জন্য পর্যাপ্ত সংখ্যক সুদৃশ্য ও আকর্ষণীয় ব্যানার, পোস্টার, ফ্লাইয়ার ও প্ল্যাকার্ড প্রস্তুত রাখতে হবে।

বাস্তবায়নঃ লাইন ডাইরেক্টর, লাইফস্টাইল, হেলথ এডুকেশন এন্ড প্রমোশন এবং প্রধান, স্বাস্থ্য শিক্ষা বুরো।

৪. র্যালিসহ ডিজিটাল বাংলাদেশ উদযাপনের সকল আয়োজনে সক্রিয়ভাবে অংশগ্রহণ ও প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করতে হবে।

বাস্তবায়নঃ সকল দপ্তর/ অধিদপ্তর/ সংস্থার প্রধানগণ।

৫. র্যালিতে অংশগ্রহণের বিষয়ে প্রয়োজনীয় যোগাযোগের জন্য স্বাস্থ্য সেবা বিভাগের পক্ষ থেকে ফোনে পয়েন্ট কর্মকর্তা হিসেবে জনাব মোঃ শাহাদত হোসেন কবির, সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২)কে দায়িত্ব প্রদান করা হয়।

বাস্তবায়নঃ সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২), স্বাস্থ্য সেবা বিভাগ।

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

০৪-১২-২০১৯ খ্রি.

(শেখ মুজিবুর রহমান)

অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা)

স্বাস্থ্য সেবা বিভাগ


স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

নং-৪৫.০০.০০০০.১৪০.৯৯.০০৯.১৯-১৭৯৬

তারিখঃ ০৫/১২/২০১৯ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর/স্বাস্থ্য অধিদপ্তর/ নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর।
২. প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা (দৃ:আ: জনাব মোঃ মাসুদুল আলম, নির্বাহী প্রকৌশলী, ঢাকা মহানগর বিভাগ)।
৩. লাইন ডাইরেক্টর (লাইফস্টাইল, হেলথ এডুকেশন এন্ড প্রমোশন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৪. পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য অধিদপ্তর (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. প্রধান, স্বাস্থ্য শিক্ষা বুরো, মহাখালী, ঢাকা।
৮. জনাব মোঃ মুহিদ ইসলাম, ঔষধ তত্ত্বাবধায়ক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৯. অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।


(মোঃ শাহাদত হোসেন কবির)
সিনিয়র সহকারী সচিব